

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬০/২০১৪

অভিযোগকারী : জনাব ওমর আলী

পিতা-মৃত জয়নাল আবেদিন
চীফ কো- অর্ডিনেটর
হিউম্যান রাইটস রিভিও সোসাইটি
১০১ বীর উত্তম সিআরদত্ত রোড (৫ম তলা)
বাংলা মোটর, ঢাকা-১২০৫।

প্রতিপক্ষ : জনাব মোঃ সিরাজুল ইসলাম

উপ-সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৭-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ওমর আলী ০৬-০১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে খাদ্য মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. ১৯৭৪ সালের খাদ্যে ভেজাল বিশেষ আইনে সর্বোচ্চ শাস্তে মৃত্যুদণ্ডসহ ০৭ থেকে ১৪ বছর সশ্রম কারাদণ্ড। এ আলোকে ২০১৩ সাল পর্যন্ত প্রতি অর্থ বছরে যে সকল অভিযুক্তদেরকে শাস্তি দেওয়া হয়েছে তাদের অর্থ বছর ভিত্তিক তালিকা সংক্রান্ত তথ্যাদি।
২. অভিযুক্তদেরকে হাতে নাতে ধরার লক্ষ্যে মনিটরিং ও ফাঁদ পাতা কর্মসূচীর বিবরণ সংক্রান্ত তথ্যাদি।
৩. ১ম সংসদ থেকে শুরু করে ৯ম সংসদ পর্যন্ত সংসদ কক্ষে মাননীয় প্রধানমন্ত্রী ও খাদ্য মন্ত্রীর খাদ্য মন্ত্রণালয় সংক্রান্ত প্রদত্ত প্রতিশ্রুতিগুলোর সর্বশেষ অগ্রগতি অর্থাৎ বাস্তবায়িত, আংশিক বাস্তবায়িত ও অবাস্তবায়িত প্রতিশ্রুতি গুলোর তালিকা সংক্রান্ত পূর্ণাঙ্গ ও নির্ভুল তথ্যাদি।
৪. খাদ্যে ফরমালিন ও ভেজাল প্রয়োগ প্রতিরোধ বিষয়ে গবেষণামূলক কর্মকাণ্ডের অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি।
৫. খাদ্যে ফরমালিন ও ভেজাল প্রয়োগ শূন্যের কোটায় আনার বিষয়ে টার্গেট নির্ধারণ সংক্রান্ত তথ্যাদি।
৬. খাদ্য উৎপাদন ঘাটতি জেলাগুলোকে (লক্ষ্মীপুর, নোয়াখালী ও ফেনী) খাদ্যে সয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে বাস্তবধর্মী কর্মসূচী গ্রহণ সংক্রান্ত তথ্যাদি।
৭. আসন্ন বিশ্ব খাদ্য সংকট মোকবেলার লক্ষ্যে বাংলাদেশের গবেষণা ও পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত তথ্যাদি।
৮. জনাব মোঃ কুতুব উদ্দীন কর্তৃক গত ২০-১১-২০১৩ ইং তারিখে পেশকৃত ফরমালিন ও ভেজাল খাদ্য মুক্ত দেশ ঘোষণা সংক্রান্ত আবেদনে উল্লেখিত ১১ টি সুপারিশের অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-০৪-২০১৪ তারিখে খাদ্য মন্ত্রণালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে রেজিস্ট্রার ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১২-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ:প্:দ্র:)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ওমর আলী ও প্রতিপক্ষ খাদ্য মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ সিরাজুল ইসলাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। খাদ্য মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত না হওয়ায় তথ্য প্রদান করা সম্ভব হয়নি। কিছু কিছু তথ্য তার কার্যালয়ে সংরক্ষিত নেই। ক্রমিক নং ০২ এর তথ্য গোপনীয় বিধায় তা সরবরাহযোগ্য নয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

০৬। ক্রমিক নং ০২ এর তথ্য গোপনীয় বিধায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তা সরবরাহযোগ্য নয় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহ করার এবং তথ্য না থাকলে তা কোন কার্যালয়ে সংরক্ষিত রয়েছে তা জানিয়ে দেয়ার জন্য কমিশন মতামত প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, ক্রমিক নং ০২ এর তথ্য গোপনীয় বিধায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তা সরবরাহযোগ্য নয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহ করার এবং তথ্য না থাকলে তা কোন কার্যালয়ে সংরক্ষিত রয়েছে তা জানিয়ে দেয়ার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১২-০৮-২০১৪ তারিখ বা তদূর্বে অভিযোগকারীকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহ করার জন্য এবং যে সকল তথ্য সংরক্ষিত নেই তা কোন কার্যালয়ে সংরক্ষিত রয়েছে তা অভিযোগকারীকে অবহিত করার জন্য খাদ্য মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার